



ব্যাকরণ মাসিক রিভিউ বাড়ীর কাজ

২০০৮-২০০৯

নামঃ \_\_\_\_\_

জমা দেয়ার তারিখঃ সোমবার, জুন ১, ২০০৯

দিন	তারিখ	বাড়ীর কাজ	মন্তব্য/ অভিভাবকের স্বাক্ষর
১	সেপ্টেম্বর ২০০৮	বিশেষ্য (Noun) এবং বিশেষণ (Adjective and Adverb) পদ বের করে বাক্যের পাশে লিখঃ আমি কার্টুন দেখতে খুব ভালোবাসি। আমি আমার ছোট বোনের সাথে খেলা করি। আমার প্রিয় মুভির নাম 'স্পাইডার ম্যান'। আমার ছোট ভাইয়া দ্রুত দৌড়াতে পারে। চিড়িয়াখানায় অনেক পশুপাখি থাকে।	
২	অক্টোবর ২০০৮	নীচের শব্দগুলির সমার্থক শব্দ লিখঃ চন্দ্র, চিন্তা, সাগর, আনন্দ, পৃথিবী	
৩	নভেম্বর ২০০৮	সর্বনাম (Pronoun) ও ক্রিয়া (Verb) পদ বের করঃ আমরা সেদিন যাদু দেখতে গিয়েছিলাম। যাদুকর রুমাল থেকে একটি কবুতর বের করলো। আবার একটি টুপির ভেতর থেকে তিনটি ডিম এবং চারটি পালক বের করলো। আমি ও আমার বন্ধু যাদু দেখে খুব মজা পেলাম।	
৪	ডিসেম্বর ২০০৮	৪। নীচের সমধ্বনি শব্দগুলির অর্থ লিখঃ ক) পড়া, পরা, খ) আসা, আশা গ) করা, কড়া ঘ) হার, হাড়, ঙ) পারা, পাড়া	
৫	জানুয়ারী ২০০৯	অব্যয় (Preposition, Conjunction, Interjection) পদ বের করঃ ক) গোলাপ ও জবা ফুলের রং লাল হতে পারে। খ) আশ্মু বলেছে আমি যদি বাড়ীর কাজ শেষ করি, তাহলে খেলতে পারবো। গ) ড্যানিয়েলের চাচা বলেছেন তিনি ছোটবেলায় ছাদের উপরে নাচতেন এবং গোলডফিশ খেতেন। ঘ) আমি যখন প্রজেক্ট শেষ করলাম তখনই কম্পিউটার ত্র্যাশ করলো। ঙ) আমি বই পড়বো অথবা ছবি আঁকবো।	
৬	ফেব্রুয়ারী ২০০৯	নীচের শব্দগুলো কোনটি কোন লিঙ্গ বের কর ও লিঙ্গ পরিবর্তন করঃ কঃ বাবা, খঃ কিশোর, গঃ মেয়ে, ঘঃ বই, ঙঃ বাঘিনী নীচের বাক্যগুলি থেকে বচন বের কর ও কোনটি কি বচন লিখঃ কঃ শিশুরা মাঠে খেলধুলা করছে। খঃ আমি দুটো আম খাবো। গঃ তোমরা কোথায় যাবে? ঘঃ আজ কবিগন কবিতা উৎসবে যাবেন। ঙঃ গল্পের বইটি খুব ইন্টারেস্টিং ছিল।	
৭	মার্চ ২০০৯	নীচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে বাক্য তৈরী করঃ ১) শহর সুন্দর অস্টিন ২) 'সির্ল ফ্ল্যাগ' আমি যাবো মাসে আগামী ৩) মুভি হ্যারি মজার পটার ৪) খেলি বিকেলে আমি ৫) অনেক সুপারম্যান শক্তিশালী	

৮	এপ্রিল ২০০৯	বিপরীত শব্দ লিখঃ ক) অন্ধকার, খ) বাঁকা, গ) হাসি, ঘ) ভালো ঙ) দূর, চ) সত্যি , ছ) আস্তে, জ) গরম, ঝ) উপরে	
৯	মে ২০০৯	নীচের রচনাটি থেকে বিভিন্ন ধরনের কাল (Tense) বের করে লিখঃ গতকাল আমরা বৈশাখী মেলায় নাগরদোলায় চড়েছিলাম। আমার বন্ধু ও আমি মেলায় বসে চটপটি খেয়েছিলাম। আমরা আবার মেলায় আসবো। তখন আমরা বানর নাচ দেখবো এবং বাঁশী ও বেলুন কিনবো। সেই আশায় অপেক্ষা করছি।	